

কুবির ১ম সমাবর্তন ২৭ জানুয়ারি

সংবাদ : | প্রতিনিধি, কুবি (কুমিল্লা)

| ঢাকা, মঙ্গলবার, ২২ অক্টোবর ২০১৯

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) ১ম সমাবর্তন ২০২০ সালের ২৭ জানুয়ারি (সোমবার) অনুষ্ঠিত হবে। গত রোববার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মোহাম্মদ এমদাদুল হক স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর এর সম্মতি সাপেক্ষে ২০২০ সালের ২৭ জানুয়ারি কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ১ম সমাবর্তন অনুষ্ঠিত হবে। সমাবর্তন সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে কেন্দ্রীয় কমিটি ও বিভিন্ন উপ-কমিটি গঠন করা হয়েছে এবং রেজিস্ট্রেশন প্রক্রিয়া শীঘ্রই শুরু হবে। সমাবর্তনের বিস্তারিত তথ্য বিজ্ঞপ্তির মাধ্যমে ও বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটের মাধ্যমে জানা যাবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের ১ম থেকে ৮ম ব্যাচ পর্যন্ত যেসকল শিক্ষার্থীরা স্নাতক শেষ করেছেন এবং ১ম থেকে ৬ষ্ঠ ব্যাচ পর্যন্ত যারা স্নাতকোত্তর শেষ করেছেন তাদেরকে এ সমাবর্তনে আনুষ্ঠানিকভাবে ডিগ্রী প্রদান করবেন রাষ্ট্রপতি। এতে স্নাতকোত্তর ৩৫৫০ জন এবং ও

স্নাতকোত্তরের ২০৫২ জন শিক্ষার্থী
রেজিস্ট্রেশনের সুযোগ পাবে। এদিকে বহুল
প্রত্যাশিত প্রথম সমাবর্তনের তারিখ ঘোষণা
করায় উচ্ছ্বাসিত ক্যাম্পাসের সাবেক
শিক্ষার্থীবৃন্দ।